

বৃন্দাবন
১২ই অগস্ট, ১৮৮৮

মান্যবরেষু,

শ্রীঅযোধ্যা হইয়া শ্রীবৃন্দাবনধামে পৌঁছিয়াছি। কালাবাবুর কুঞ্জ আছে -- শহরে মন কুঞ্চিত হইয়া আছে। শুনিয়াছি রাখাকুন্ডাদি স্থান মনোরম। তাহা শহর হইতে কিঞ্চিৎ দূরে। শীঘ্রই হরিদ্বার যাইব, বাসনা আছে। হরিদ্বারে আপনার আলাপী কেহ যদি থাকেন, কৃপা করিয়া তাঁহার উপর এক পত্র দেন, তাহা হইলে বিশেষ অনুগ্রহ করা হয়। আপনার এস্থানে আসিবার কি হইল? শীঘ্র উত্তর দিয়া কৃতার্থ করিবেন।
অলমধিকেনেতি

দাস

নরেন্দ্রনাথ